### দ্বিতীয় অধ্যায়

## মনোজ বসুর সৃষ্টি - সম্ভার : সাধারণ পরিচয়

| সাল | লেখকের বয়স | প্রকাশিত গ্রন্থের নাম | সাধারণ পরিচয় |
|---|---|---|---|
| ১৯৩২ | ৩১ | বনমর্মর (গল্পগ্রন্থ) | শ্রী শচীন্দ্রনাথ মুখোপাধ্যায়, বেঙ্গল পাবলিশার্স / প্রথম সংস্করণ - শ্রাবণ, ১৩৩৯। বনমর্মর মনোজ বসুর প্রথম প্রকাশিত গ্রন্থ।<br>**উৎসর্গ:** শ্রীযুক্ত সুনীতিকুমার চট্টোপাধ্যায়। গল্পের সংখ্যা - ৯টি। বাংলার মাঠ-নদী-বন আর তার সঙ্গে একাত্ম মানুষগুলির সহজ সরল অনাড়ম্বর জীবন থেকে তুলে নেওয়া হাসি-কান্না-বিরহ মিলনের আলোছায়ায় স্নিগ্ধ মধুর গল্পের সংকলন। রেখায় রেখায় উন্মোচিত মানব মনের নতুন দিগন্ত। |
| ১৯৩৩ | ৩২ | নরবাঁধ (গল্পগ্রন্থ) | শ্রী শচীন্দ্রনাথ মুখোপাধ্যায়, বেঙ্গল পাবলিশার্স / প্রথম সংস্করণ - মাঘ, ১৩৪০।<br>**উৎসর্গ:** ডক্টর শ্রী শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়। গল্পের সংখ্যা - ২ টি। পঞ্চাশ বছর পূর্বে বাংলায় যে শান্তি ও ঐশ্বর্যের কথা লেখক শুনেছিলেন, তার অপমৃত্যু ঘটেছে। যন্ত্রযুগের অগ্রগতির সঙ্গে গ্রামবাসীরা খাপ খাওয়াতে পারেনি। সেই সঙ্গে গল্প দুটিতে প্রকাশ পেয়েছে পল্লীজীবনের হিংস্রতা ও কুশ্রীতার বিষাক্ত চিত্র। |
| ১৯৩৪ | ৩৩ | দেবী কিশোরী (গল্পগ্রন্থ) | শচীন্দ্রনাথ মুখোপাধ্যায়, বেঙ্গল পাবলিশার্স / প্রথম সংস্করণ – ১৯৩৪।<br>**উৎসর্গ:** নেই। চেনা মানুষ আর তার কতকগুলি স্বাভাবিক বৃত্তি; প্রেম, স্নেহ, মমতা ইত্যাদির মধ্যেই তাঁর শিল্পী মানসের ভিত্তি দৃঢ়মূল। দেবী কিশোরীর গল্পগুচ্ছে এই সত্যেরই আলো প্রচ্ছন্ন হয়ে আছে। |
| ১৯৪১ | ৪০ | প্লাবন (নাটক) | শ্রী শচীন্দ্রনাথ মুখোপাধ্যায়, বেঙ্গল পাবলিশার্স / প্রথম সংস্করণ - শ্রাবণ, ১৩৪৮।<br>**উৎসর্গ:** শ্রীযুত অহীন্দ্র চৌধুরী। ১২টি দৃশ্যে রচিত |

| | | | |
|---|---|---|---|
| | | | এই নাটকে একটা বিরাট এবং ভয়ঙ্কর প্রাকৃতিক দুর্যোগের মধ্যে চরম মুহূর্ত নিহিত; 'প্রজাবন্ধু' শেখরনাথের খুন হওয়ার দৃশ্য থেকে আরম্ভ করে প্লাবনের রাত্রে নীলাম্বরের পরিচয় প্রকাশ পাওয়া পর্যন্ত প্রতিটি দৃশ্য নাটকীয় উত্তেজনায় পূর্ণ। |
| ১৯৪২ | ৪১ | একদা নিশীথ কালে (গল্পগ্রন্থ) | শচীন্দ্রনাথ মুখোপাধ্যায়, বেঙ্গল পাবলিশার্স / প্রথম সংস্করণ - ১৯৪২।<br>**উৎসর্গ:** শ্রী খগেন্দ্রনাথ মিত্র। গল্পসংখ্যা ৯। এক শান্ত গভীর জীবনবোধ থেকে উৎসারিত অপরূপ স্বাদের বিচিত্র গল্প। কৌতুকস্নিগ্ধ এক আশ্চর্য পরিহাসের আভায় গল্পগুলি উজ্জ্বল। |
| ১৯৪৩ | ৪২ | ভুলি নাই (উপন্যাস) | মণীষী বসু, বেঙ্গল পাবলিশার্স / প্রথম সংস্করণ - আশ্বিন, ১৩৫০।<br>**উৎসর্গ:** শ্রীযুক্ত সজনীকান্ত দাস। অধ্যায় – পাঁচটি। হিন্দী ও মালয়ালম ভাষায় অনুদিত হয়েছে এই উপন্যাস। হিন্দী নাম 'কৈসে ভুলু'। বাংলাদেশের রাজনীতির রুক্ষ শরীরে লেগেছিল রোমান্টিক আদর্শবাদের স্পর্শ। সেই যুগের বিপ্লবীদরে স্বার্থত্যাগের কাহিনীকে নিয়ে রচিত উপন্যাসটি। আধুনিক কালের সর্বাধিক জনপ্রিয় রাজনৈতিক উপন্যাস। |
| | | নূতন প্রভাত (নাটক) | শচীন্দ্রনাথ মুখোপাধ্যায়, বেঙ্গল পাবলিশার্স / প্রথম সংস্করণ – মাঘ, ১৩৫০।<br>**উৎসর্গ:** শচীন্দ্রনাথ সেনগুপ্ত। রাষ্ট্রশক্তির মারফৎ কার্যকর জাতীয় শোষণ নীতির পাশে দেশের চিরাচরিত রীতিতে জমিদার পদ্ধতির বিকৃত মানসিকতায় শোষণ ও দলন নীতির বর্ণনা। |
| ১৯৪৪ | ৪৩ | দুঃখ নিশার শেষে (গল্পগ্রন্থ) | শচীন্দ্রনাথ মুখোপাধ্যায়, বেঙ্গল পাবলিশার্স / প্রথম সংস্করণ - ১৯৪৪।<br>আধুনিক দৃষ্টিভঙ্গির চরম বিকাশ পরিলক্ষিত হয় 'দুঃখ নিশার শেষে' গ্রন্থের গল্পগুলিতে। |
| ১৯৪৫ | ৪৪ | সৈনিক (উপন্যাস) | শচীন্দ্রনাথ মুখোপাধ্যায়, বেঙ্গল পাবলিশার্স / প্রথম সংস্করণ – জুলাই, ১৯৪৫। |

| | | | |
|---|---|---|---|
| | | | **উৎসর্গ:** লাঞ্ছিত বিগতপ্রাণ দেশপ্রেমের অপরাধে অপরাধীদের উদ্দেশ্যে । ১১ টি পরিচ্ছেদ। সৈনিক পান্নালালের কারামুক্তির পরে মিলল না বিশ্রাম। বিপ্লব, দুর্ভিক্ষ আর মহামারীর মধ্য দিয়ে এগিয়ে চলল সৈনিক যতদিন না আবার কারাপ্রাচীর সাময়িকভাবে তার গতিরোধ করে। সৈনিককে ঘিরে যে সমাজ, যার জন্য তার সংগ্রাম, তাকে নিঃশঙ্কভাবে উদ্ঘাটিত করেছেন লেখক। |
| ১৯৪৬ | ৪৫ | ওগো বধূ সুন্দরী (উপন্যাস) | **শচীন্দ্রনাথ মুখোপাধ্যায়, বেঙ্গল পাবলিশার্স / প্রথম** সংস্করণ - বৈশাখ, ১৩৫৩। **উৎসর্গ :** ভবানী মুখোপাধ্যায়। অধ্যায় - ৯টি। হিন্দী ভাষাতে 'সুন্দরী' নামে অনুদিত হয়েছে উপন্যাসটি। গান পাগল মানুষ বসন্ত। সংসারের বন্ধন ছিন্ন করার সমস্ত প্রচেষ্টা কীভাবে ব্যর্থ হল, তারই কৌতুকস্নিগ্ধ মনোরম কাহিনী 'ওগো বধূ সুন্দরী' উপন্যাসটি। |
| | | শত্রুপক্ষের মেয়ে (উপন্যাস) | মণীষী বসু, বেঙ্গল পাবলিশার্স / প্রথম সংস্করণ - বৈশাখ, ১৩৫৪। **উৎসর্গ:** নেই। তিনটি অধ্যায়ে বিন্যস্ত। প্রথম অধ্যায়ে ১১টি, দ্বিতীয় অধ্যায়ে ১৩টি এবং তৃতীয় অধ্যায়ে ৩টি পরিচ্ছেদ রয়েছে। সুন্দরবনের প্রত্যন্ত প্রদেশের নদীবহুল বসতি বিরল অঞ্চলে জমিদার শ্রেনীর উদ্যোগী শক্তিমান পুরুষদের সুখ-দুঃখ নিয়ে মরমী লেখক যে কাহিনী রচনা করেছেন তা রূপকথার চেয়েও বিস্ময়কর। |
| ১৯৪৭ | ৪৬ | আগষ্ট ১৯৪২ (উপন্যাস) | শ্রী শচীন্দ্রনাথ মুখোপাধ্যায়, বেঙ্গল পাবলিশার্স / প্রথম সংস্করণ - আগস্ট, ১৯৪৭। **উৎসর্গ:** শ্রী নারায়ণ গঙ্গোপাধ্যায়। তিনটি পর্বে কাহিনী বিন্যস্ত। ১৯৪২ এর আগস্ট আন্দোলনের আবর্তে অগণিত জনগণের আত্মত্যাগ নিয়ে এই উপন্যাসের কাহিনী। তারই সঙ্গে যুক্ত হয়েছে সরকারি চাকুরিজীবী স্বামীর সঙ্গে স্বাধীনতা সংগ্রামী স্ত্রীর নিরন্তর দ্বন্দ্ব। শেষে মধুর মিলন। |
| ১৯৪৮ | ৪৭ | পৃথিবী কাদের | শচীন্দ্রনাথ মুখোপাধ্যায়, বেঙ্গল পাবলিশার্স / প্রথম |

| | | | |
|---|---|---|---|
| | | (গল্পগ্রন্থ) | সংস্করণ - বৈশাখ, ১৩৫৫। **উৎসর্গ:** নেই। গল্পের সংখ্যা ৫টি। নবযুগের বলিষ্ঠতম গল্পগ্রন্থ। সময়ের নিরিখে নিজেদের আধিপত্য স্থানের গল্প। |
| | | বাঁশের কেল্লা (উপন্যাস) | মণীষী বসু, বেঙ্গল পাবলিশার্স / প্রথম সংস্করণ - আশ্বিন, ১৩৫৫। **উৎসর্গ:** শ্রী বলাইচাঁদ মুখোপাধ্যায়। বিপ্লবের যুগে নীলবিদ্রোহ থেকে বিয়াল্লিশের অগ্নিগর্ভ পরিস্থিতি পর্যন্ত কাহিনীর পরিক্রমা। এই উপন্যাসে ঐতিহাসিকের তথ্যানুসন্ধানী দৃষ্টির সঙ্গে কবির বৃহত্তর সত্যদৃষ্টির মিলন ঘটেছে। |
| | | বিপর্যয় (নাটক) | শচীন্দ্রনাথ মুখোপাধ্যায়, বেঙ্গল পাবলিশার্স / প্রথম সংস্করণ - কার্তিক, ১৩৫৫। **উৎসর্গ:** নেই। হিরন্ময় চৌধুরীর বুদ্ধি ও মেধা ছিল অসাধারণ। ছিল অদম্য উচ্চাকাঙ্ক্ষা। কিন্তু সুনাম ছাড়া আর কিছুই ভাগ্যে জোটেনি। বাধ্য হয়ে সে সুনাম বিক্রি করল। মিলল খ্যাতি ও প্রতিপত্তি। কিন্তু ততদিনে বিপর্যস্ত হয়ে গেছে শান্তি ও আনন্দের সংসার। 'রঙমহলে' অভিনিত সফল নাটক। |
| | | উলু (গল্পগ্রন্থ) | শচীন্দ্রনাথ মুখোপাধ্যায়, বেঙ্গল পাবলিশার্স / প্রথম সংস্করণ - আষাঢ়, ১৩৫৫। **উৎসর্গ:** শ্রী প্রতাপ কুমার সিংহ। গল্পের সংখ্যা ৫টি। কোনো অখ্যাত মানুষ বা কোনো অখ্যাত পরিবারকে কেন্দ্র করে লোকচক্ষুর অন্তরে ঘটে যাওয়া ট্রাজেডি গল্পগুলি আমাদের অভিভূত করে। |
| ১৯৪৯ | ৪৮ | রাখিবন্ধন (নাটক) | শচীন্দ্রনাথ মুখোপাধ্যায়, বেঙ্গল পাবলিশার্স / প্রথম সংস্করণ - আশ্বিন, ১৩৫৬। **উৎসর্গ:** নেই। বিদেশী শাসকের স্বৈরাচারী শাসনের বিরুদ্ধে দুর্বার জাতীয় প্রতিরোধের কণ্ঠরুদ্ধ করবার জন্য দেশীয় তাঁবেদারদের সহায়তার শাসকগোষ্ঠীর বর্বর অত্যাচার এবং জাতির সন্তানদের নিঃশব্দ দুঃখবরণ ও আত্মত্যাগের কাহিনী। |

| | | | |
|---|---|---|---|
| ১৯৫০ | ৪৯ | খদ্যোত<br>(গল্পগ্রন্থ) | **শচীন্দ্রনাথ মুখোপাধ্যায়, বেঙ্গল পাবলিশার্স / প্রথম** সংস্করণ - ১৩৫৭।<br>**উৎসর্গ:** শ্রীযুত উমাপ্রসাদ মুখোপাধ্যায়। গল্পের সংখ্যা ২৪টি। বাহুল্য বর্জিত ঘটনা পরম্পরায় কোনো চরিত্র কিংবা একটি বিশেষ বক্তব্যকে নিষ্ঠার সঙ্গে তুলে ধরা হয়েছে। |
| | | নবীন যাত্রা<br>(উপন্যাস) | **শচীন্দ্রনাথ মুখোপাধ্যায়, বেঙ্গল পাবলিশার্স / প্রথম** সংস্করণ - মাঘ, ১৩৫৭।<br>**উৎসর্গ:** প্রহ্লাদচন্দ্র বসুর স্মৃতিতে। অধ্যায় - ২৯টি। গ্রামের উন্নতি করতে গেলে আগে গ্রামের মানুষের অবস্থা বুঝতে হবে। গ্রামীণ জীবনযাত্রায় জীবিকার সঙ্গে শিক্ষার পদ্ধতিকে গুরুত্ব দেওয়া হয়েছে আলোচ্য উপন্যাসে। |
| | | কাঁচের আকাশ<br>(গল্পগ্রন্থ) | **শচীন্দ্রনাথ মুখোপাধ্যায়, বেঙ্গল পাবলিশার্স / প্রথম** সংস্করণ – ১৩৫৭।<br>**উৎসর্গ** : নেই। পরিবেশ রচনার অসামান্য দক্ষতায় এবং তার মধ্যদিয়ে চরিত্রগুলিকে সজীব ও প্রাণবন্ত করে তোলা হয়েছে। প্রতিটি গল্পেই সংবেদনশীল কথাকারের মমতার স্পর্শ তথা মানবিক বোধ অন্তর্লীন। |
| | | মনোজ বসুর শ্রেষ্ঠ গল্প (জগদীশ ভট্টাচার্য সম্পাদিত) | জগদীশ ভট্টাচার্য, বেঙ্গল পাবলিশার্স, প্রথম সংস্করণ - আষাঢ়, ১৩৫৬।<br>বাছাই করা ২৩টি গল্পের সংকলন। গল্পগুলি মনোজ বসুর আশ্চর্য সৃষ্টি বৈচিত্র্যের পরিচয়বাহী। লেখকের জীবন-কথা, ছবি ও অধ্যাপক জগদীশ ভট্টাচার্য্যের রসসমৃদ্ধ ভূমিকা বইটির মর্যাদা বৃদ্ধি করেছে। |
| ১৯৫১ | ৫০ | দিল্লী অনেক দূর<br>(গল্পগ্রন্থ) | শ্রী শচীন্দ্রনাথ মুখোপাধ্যায়, বেঙ্গল পাবলিশার্স / প্রথম সংস্করণ - বৈশাখ, ১৩৫৮।<br>**উৎসর্গ:** মানিক ও মানসীকে। গল্পের সংখ্যা - ৯টি। স্বাধীনতা এলেও স্বাধীন দেশের সমৃদ্ধি হয়নি। স্বাধীনতা যেন মরীচিকার রূপ লাভ করেছে। এরকমই এক নৈরাশ্যের মধ্যেও গল্পগুলিতে |

| | | | |
|---|---|---|---|
| | | | ধ্বনিত হয়েছে জীবনের সুর। আনন্দের সুর, স্নিগ্ধতার সুর। |
| ১৯৫২ | ৫১ | জলজঙ্গল (উপন্যাস) | মণীষী বসু, বেঙ্গল পাবলিশার্স, প্রথম সংস্করণ - কার্তিক, ১৩৫৮।<br>**উৎসর্গ:** তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়। ৪১টি অধ্যায়। উপন্যাসটি ইংরেজী ভাষায় অনুদিত হয়েছে। নাম - The Forest Goddess. সুন্দরবনের দুর্গম বাদা অঞ্চলের বিচিত্র পরিবেশ ও অপূর্ব জীবন-যাপন পদ্ধতিকে আশ্রয় করে এখানকার অধিবাসীদের প্রেম ও প্রতিহিংসা, দয়া ও দৌরাত্ম্য, উপকার ও উপদ্রব প্রবণ বিপরীতমুখী কাহিনীর সমাবেশ ঘটেছে। |
| | | কুঙ্কুম (গল্পগ্রন্থ) | শচীন্দ্রনাথ মুখোপাধ্যায়, বেঙ্গল পাবলিশার্স / প্রথম সংস্করণ - পৌষ, ১৩৫৯।<br>**উৎসর্গ:** শ্রীযুত পরিমল গোস্বামী। গল্পের সংখ্যা - ২২টি। বিষয় - বৈচিত্র্যে ও পরিহাসস্নিগ্ধ প্রশান্ত দৃষ্টিভঙ্গির কারণে গল্পগুলি বিশিষ্টতা লাভ করেছে। মানুষের অন্তরের রহস্যের আশ্চর্য বাণীরূপ হয়ে উঠেছে গল্পগুলি। |
| | | বকুল (উপন্যাস) | শচীন্দ্রনাথ মুখোপাধ্যায়, বেঙ্গল পাবলিশার্স / প্রথম সংস্করণ - পৌষ, ১৩৫৯।<br>**উৎসর্গ:** শ্রী অশোক চট্টোপাধ্যায়। অধ্যায় নেই।<br>অমরেশ - জয়ন্তীর দাম্পত্য জীবনে যখন জীবনের দেনা আর যৌবনের দাবি জটিল সংঘাতের সৃষ্টি করেছিল তখনই অপ্রত্যাশিত আবির্ভাব ঘটে অমরেশ-এর প্রথম স্ত্রীর শিশুপুত্র বকুলের। বকুলকে কেন্দ্র করে কাহিনীর মোড় ঘুরে যায়। |
| | | চীন দেখে এলাম (ভ্রমণ কাহিনী) | শচীন্দ্রনাথ মুখোপাধ্যায়, বেঙ্গল পাবলিশার্স / প্রথম সংস্করণ - আশ্বিন, ১৩৬০।<br>**উৎসর্গ:** শ্রী বীরেন্দ্রনাথ সরকার। প্রথম ও দ্বিতীয় পর্ব। দিল্লী বিশ্ববিদ্যালয় কর্তৃক নরসিংহ দাস পুরস্কার প্রাপ্ত গ্রন্থ।<br>চীন দেশ ভ্রমণের বিচিত্র অভিজ্ঞতাকে তিনি সাহিত্যের রসে স্নিগ্ধ করে মাধুর্যময় ভঙ্গিতে |

| | | | |
|---|---|---|---|
| | | | আনুপূর্বিক বর্ণনা দিয়েছেন। |
| ১৯৫৪ | ৫৩ | এক বিহঙ্গী (উপন্যাস) | **শচীন্দ্রনাথ মুখোপাধ্যায়, বেঙ্গল পাবলিশার্স / প্রথম** সংস্করণ - শ্রাবণ ১৩৬১।<br>**উৎসর্গ:** নেই। শহরের মেয়ে অনীতা লেখকের রোমাণ্টিক সৃষ্টি। সে যেন আকাশচারী এক মুক্ত বিহঙ্গ। গ্রামের ছেলে মিহিরের প্রতি কৌতূহলই রূপান্তরিত হয় পূর্বরাগে। উভয়ের মন দেওয়া নেওয়ার কাহিনী রোমাণ্টিকভাবে উপস্থাপন করেছেন লেখক। |
| ১৯৫৬ | ৫৫ | শেষ লগ্ন (নাটক) | **শচীন্দ্রনাথ মুখোপাধ্যায়, বেঙ্গল পাবলিশার্স / প্রথম** সংস্করণ - অগ্রহায়ন, ১৩৬৩।<br>**উৎসর্গ:** নেই। মনোজ বসুর বিয়োগান্ত গল্প ‘উলু’ অবলম্বনে রচিত মিলনান্তক নাটক। পেশাদারী রঙ্গমঞ্চের অনুরোধে নাটকের তৃতীয় লগ্নে সমস্ত দুর্যোগের অবসানে মিলন। বুকের ওপর থেকে নেমে গেল উদ্বেগ ও পাথর। |
| | | বিলাসকুঞ্জ বোর্ডিং (নাটক) | শচীন্দ্রনাথ মুখোপাধ্যায়, বেঙ্গল পাবলিশার্স প্রা: লি: / প্রথম সংস্করণ - অগ্রহায়ন, ১৩৬৩।<br>**উৎসর্গ:** শ্রীমান হরিনারায়ণ চট্টোপাধ্যায়। নিলাদ্রী বাড়ির অমতে অমিতাকে নিয়ে পালিয়ে গিলে আশ্রয় নেয় বিলাসকুঞ্জ বোর্ডিং এ। কৌতূককর কাহিনীর শেষে মিলনান্তক পরিণতি বেশ উপভোগ্য। |
| | | সবুজ চিঠি (উপন্যাস) | **মনোজ বসু, গ্রন্থপ্রকাশ / প্রথম** সংস্করণ - আষাঢ়, ১৩৮৮।<br>**উৎসর্গ:** নেই। অধ্যায় ২১টি। দায়িতার প্রেম, সন্তানের মায়া, গৃহের ছায়াচ্ছন্ন পরিবেশ - সব ছেড়ে দিয়ে খ্যাতির তপস্যায় জয়ী হয়েও জীবনের দাবদাহ মিটল না। মানব মনের এই দুর্জ্ঞেয় রহস্যের আশ্চর্য উন্মোচন ঘটেছে আলোচ্য উপন্যাসে। |
| | | পথ চলি (ভ্রমণ কাহিনী) | **শচীন্দ্রনাথ মুখোপাধ্যায়, বেঙ্গল পাবলিশার্স / প্রথম** সংস্করণ - ফাল্গুন, ১৩৬৩। |

| | | | |
|---|---|---|---|
| | | | **উৎসর্গ:** শ্রীযুত দেবেশচন্দ্র দাশ। নগণ্য গ্রাম জীবন থেকে শুরু করে অর্ধেক দুনিয়া আজ লেখকের পায়ের তলায়। কত মানুষ, কত বিচিত্র অভিজ্ঞতা। যেন আসর সাজিয়ে মনোরম ভঙ্গিতে বলে যাচ্ছেন — রম্য রচনা, ভ্রমণ কথা, স্মৃতিচিত্র - সব মিলিয়ে এক আশ্চর্য সৃষ্টি। |
| ১৯৫৭ | ৫৬ | বৃষ্টি বৃষ্টি (উপন্যাস) | শচীন্দ্রনাথ মুখোপাধ্যায়, বেঙ্গল পাবলিশার্স / প্রথম সংস্করণ - ১লা বৈশাখ, ১৩৬৪।<br>**উৎসর্গ:** শ্রী ভূপতি চৌধুরীকে। অধ্যায় - ২১টি। রাজনৈতিক প্রবঞ্চনার সঙ্গে সংঘাত - এর ফলে ইতিহাসের শান্তিকামী সাধক সুস্থির থাকতে পারল না। ঘটনায় জটিলতা থাকলেও মিলনের সমুদ্রসঙ্গমে এসে সুস্নাত শান্তি লাভ ঘটেছে আলোচ্য উপন্যাসে। |
| | | সোভিয়েতের দেশে দেশে (ভ্রমণ কাহিনী) | শ্রী শচীন্দ্রনাথ মুখোপাধ্যায়, বেঙ্গল পাবলিশার্স / প্রথম সংস্করণ - কার্তিক, ১৩৬৪।<br>**উৎসর্গ:** মায়ের স্মৃতিতে। প্রচণ্ড বিতর্ক ও কৌতূহলের দেশ সোভিয়েত সম্পর্কে অনেক মূল্যবান তথ্য জানিয়েছেন লেখক। যা আমাদের ভ্রমণ পিপাসা মিটিয়ে দেয়। |
| | | কিংশুক (গল্পগ্রন্থ) | শচীন্দ্রনাথ মুখোপাধ্যায়, বেঙ্গল পাবলিশার্স / প্রথম সংস্করণ - আষাঢ় – ১৩৬২।<br>**উৎসর্গ:** শ্রী বঙ্কিম মুখোপাধ্যায়। গল্পের সংখ্যা - ১৩টি। শুধু মন দেওয়া - নেওয়ার মিষ্টি উপাখ্যান নয়, সেই সঙ্গে তথাকথিত দেশনেতার ভণ্ডামির চিত্র ও সাম্রাজ্যবাদী যুদ্ধের ভাড়াটে সৈনিকদের অন্তিম পরিণামের মর্মন্তুদ কাহিনী। |
| ১৯৫৮ | ৫৭ | আমার ফাঁসি হল (উপন্যাস) | মণীষী বসু, বেঙ্গল পাবলিশার্স / প্রথম সংস্করণ - আষাঢ় - ১৩৬৮।<br>**উৎসর্গ:** শ্রীমান সাগরময় ঘোষ। অধ্যায় বিন্যাস নেই। সামাজিক পটভূমিকায় রচিত অতিপ্রাকৃত ঘটনার সমাবেশ। জীবিত মানুষের সঙ্গে মৃত মানুষের প্রেমের ঘটনা আলোচ্য উপন্যাসে দেখানো হয়েছে। |

| | | | |
|---|---|---|---|
| ১৯৫৯ | ৫৮ | মানুষ নামক জন্তু (উপন্যাস) | শচীন্দ্রনাথ মুখোপাধ্যায়, বেঙ্গল পাবলিশার্স প্রা: লি: / প্রথম সংস্করণ - শ্রাবণ ১৩৬৬। **উৎসর্গ:** সৈয়দ মুজতবা আলি। অধ্যায় – নেই। হিন্দু-মুসলমানের রোমান্স ও হাস্য নির্ভর কাহিনীর সংকটময় মুহূর্তে মানুষরূপী জন্তুর আসল চেহারা বেরিয়ে পড়ে। হিংস্র আর স্বার্থান্ধ, বীভৎস আর পৈশাচিক মনোবৃত্তির প্রকাশ আলোচ্য উপন্যাস। |
| | | রক্তের বদলে রক্ত (উপন্যাস) | শচীন্দ্রনাথ মুখোপাধ্যায়, বেঙ্গল পাবলিশার্স / প্রথম সংস্করণ - শ্রাবণ ১৩৬৬। **উৎসর্গ:** হুমায়ুন কবির। অধ্যায় - ১৬টি। লাহোর ও কলকাতায় চলছে হিন্দু-মুসলমানের দাঙ্গা। চিরকালের চেনা মানুষগুলি একেবারে ভিন্ন রূপে দেখা দিয়েছে। সেই রক্তাক্ত দিনের নৃশংস ছবি তুলে ধরা হয়েছে আলোচ্য উপন্যাসে। |
| | | নতুন ইয়োরোপ নতুন মানুষ (ভ্রমণ কাহিনী) | শ্রী শচীন্দ্রনাথ মুখোপাধ্যায়, বেঙ্গল পাবলিশার্স / প্রথম সংস্করণ - আশ্বিন, ১৩৬৫। **উৎসর্গ:** শ্রী প্রেমেন্দ্র মিত্র। 'জর্মন আকাদেমি অব আর্টস' এর সদস্য হিসেবে শুধু বার্লিন নয়, জার্মান দেশের অভ্যন্তরে ঘুরে লেখক যুদ্ধোত্তর ইউরোপের বর্ণনা দিয়েছেন। শুধু লেখাই নয়, দুর্লভ ফটোচিত্রও স্থান পেয়েছে বইটিতে। |
| ১৯৬০ | ৫৯ | রূপবতী (উপন্যাস) | মণীষী বসু, বেঙ্গল পাবলিশার্স প্রা: লি: / প্রথম সংস্করণ - অগ্রহায়ণ, ১৩৬৭। **উৎসর্গ:** শ্রীমান সন্তোষ কুমার ঘোষ। অধ্যায় - ২১টি। ইংরেজী ভাষাতে 'The Beauty' নামে অনুদিত হয়েছে এই উপন্যাসটি। একটি সুন্দরী দরিদ্র মেয়ে রাধারাণী পুরুষ শাসিত সমাজে লালসার পাত্রীতে পর্যবসিত হয়েছে। সকলের অবহেলা ও ধিক্কারের মধ্য দিয়ে সে বেছে নিয়েছে বীভৎস আত্ম-বিসর্জনের পথ। |
| ১৯৬১ | ৬০ | বন কেটে বসত (উপন্যাস) | মণীষী বসু, বেঙ্গল পাবলিশার্স প্রা: লি: / প্রথম সংস্করণ - শ্রাবণ, ১৩৬৮। **উৎসর্গ:** শ্রীমান চিত্তরঞ্জন ও শ্রীমতী রমাকে। |

| | | | |
|---|---|---|---|
| | | | অধ্যায় ৪৭টি। সুন্দরবনের বাদা অঞ্চলের মানুষদের সংস্কারহীন দুর্বার প্রেম, স্নেহ, ভালবাসা, দয়া-মায়া, রাগ-অনুরাগ ও দ্বেষ-বিদ্বেষের এক নতুন কাহিনী। বাংলার নদ-নদী, মাটি ও মানুষের জীবনের সঙ্গে ঘনিষ্ঠভাবে জড়িয়ে থাকার ফলে চরিত্রগুলি জীবন্ত হয়ে উঠেছে। |
| | | মায়াকন্যা (গল্পগ্রন্থ) | নন্দিতা বসু, গ্রন্থপ্রকাশ / প্রথম সংস্করণ - আশ্বিন ১৩৬৮।<br>**উৎসর্গ:** শ্রীমান গজেন্দ্রকুমার মিত্র। ১১টি গল্প। সম্প্রদায়, বাদাবন এবং বর্তমান সমাজের বিভিন্ন ঘটনাবলীর সংমিশ্রণে রচিত গল্পগ্রন্থ। |
| | | রাজকন্যার স্বয়ম্বর (ড়পন্যাস) | মণীষী বসু, বেঙ্গল পাবলিশার্স প্রা: লি: / প্রথম সংস্করণ – মাঘ, ১৩৬৭।<br>**উৎসর্গ:** শ্রীমান রমাপদ চৌধুরী। অধ্যায় – ২০টি।<br>রোমান্স ধর্মী উপন্যাসে দেশ - বিভাগ এবং তজ্জনিত উদ্বাস্তু সমস্যার মধ্যে সুন্দরী ব াশির বিয়ের পাত্র সন্ধান শেষ পর্যন্ত বাঁশি ও বিনয়ের মধ্যে বিয়ের পাকা কথাতেই উপন্যাসের পরিণতি। |
| ১৯৬২ | ৬১ | ডম্বরু ডাক্তার (একাঙ্ক নাট্যসংকলন) | নন্দিতা বসু, গ্রন্থপ্রকাশ, প্রথম সংস্করণ – জুন, ১৯৬১।<br>**উৎসর্গ:** শ্রীযুক্ত বীরেন্দ্রকৃষ্ণ ভদ্র। ডমরু ডাক্তারের ডিস্পেনসরি। নাম ধন্বন্তরি ভবন। ডাক্তার খানায় ডাক্তারের কথাবার্তা, কার্যকলাপ ও রোগিদের কথাবার্তা কৌতূককর সংলাপ বাস্তবতার সঙ্গে সম্পর্কযুক্ত। |
| | | গল্প পঞ্চাশৎ (গল্পগ্রন্থ) | নন্দিতা বসু, গ্রন্থপ্রকাশ / প্রথম সংস্করণ - আশ্বিন, ১৩৬৯।<br>**উৎসর্গ:** নেই। ১৫টি গল্প। কাহিনীতে নতুনত্ব না থাকলেও গঠনে রয়েছে পরিণতির ছাপ। সাংকেতিকতার তির্যক কটাক্ষ সঞ্চিত হয়েছে কোনো কোনো গল্পে। |
| ১৯৬৩ | ৬২ | নিশিকুটুম্ব (উপন্যাস) | ময়ূখ বসু, বেঙ্গল পাবলিশার্স প্রা: লি: / প্রথম সংস্করণ - ১৫ই আগস্ট, ১৯৬৩। |

| | | | |
|---|---|---|---|
| | | | **উৎসর্গ:** পিতৃদেব রামলাল বসু। প্রথম পর্বে - ১২টি অধ্যায় এবং দ্বিতীয় পর্বে ২৬টি অধ্যায়। ১৯৬৬ সালে আকাডেমি পুরস্কার প্রাপ্ত উপন্যাস। [অনুবাদ - রাত কা মেহমান (হিন্দী), I come as a thief (ইংরেজী)] চোরেরা সমাজে অবহেলিত ও ঘৃণিত। সেই চোর ও তার কর্মনিপুণতাকে নিয়ে লেখক উদার মনোবৃত্তির পরিচয় দিয়েছেন নিশিকুটুম্ব উপন্যাসে। |
| ১৯৬৪ | ৬৩ | স্বর্ণসজ্জা (উপন্যাস) | মণীষী বসু, বেঙ্গল পাবলিশার্স প্রা: লি: / প্রথম সংস্করণ - ডিসেম্বর, ১৯৮৬। **উৎসর্গ:** শ্রীমান সমরেশ বসু। প্রথম পর্বে - ১০টি এবং দ্বিতীয় পর্বে - ৮টি অধ্যায়। উপন্যাসটি ইংরেজীতে Trappings of Gold নামে অনুদিত হয়েছে। মারাঠী ভাষাতেও অনুদিত হয়েছে। নাট্যরূপ 'সুখের ঠিকানা'। নদীর মধ্যে গড়ে ওঠা চরকে কাজে লাগিয়ে বিষয়সম্পত্তির বাড়বাড়ন্ত। আর চর নদীর গ্রাসে চলে যাওয়ায় পুরোনো পেশা গাঙে-খালে নৌকা মেরে চাহিদা পূরণই উপন্যাসের আলোচ্য বিষয়। |
| ১৯৬৫ | ৬৪ | ছবি আর ছবি (উপন্যাস) | শচীন্দ্রনাথ মুখোপাধ্যায়, বেঙ্গল পাবলিশার্স / প্রথম সংস্করণ - এপ্রিল, ১৯৬৫। **উৎসর্গ:** নেই। রাজনৈতিক নেতৃবৃন্দের অদূরদর্শিতায় যে দেশ বিভাগ হয়েছে তার কুফলগুলি বস্তুহারা মানুষের দুর্গতির মাধ্যমে জনসমক্ষে তুলে ধরা হয়েছে স্মৃতিচারণ ভঙ্গিতে। অনন্ত নামের এক ব্যক্তি পূর্বের ঘটনাগুলিকে ছবির মাধ্যমে আমাদের সামনে তুলে ধরেছেন। |
| | | সাজবদল (উপন্যাস) | মনোজ বসু, গ্রন্থ প্রকাশ / প্রথম সংস্করণ - আষাঢ়, ১৩৮৮। **উৎসর্গ:** নেই। অধ্যায় - ১৬টি। শহরে মানুষ হওয়া কাঞ্চন পরিস্থিতির চাপে গ্রামে আসে। গ্রামের প্রতি অনীহা এক সময় বদলে যায় গ্রামের মানুষগুলির সঙ্গে থাকতে থাকতে। নিজের মানসিকতার সঙ্গে বদলে যায় সাজ পোষাকও। |

| | | | |
|---|---|---|---|
| ১৯৬৬ | ৬৫ | চাঁদের ওপিঠ (উপন্যাস) | শচীন্দ্রনাথ মুখোপাধ্যায়, বেঙ্গল পাবলিশার্স / প্রথম সংস্করণ - ফেব্রুয়ারী, ১৯৬৬।<br>**উৎসর্গ** - নেই। অধ্যায় ১৬টি। কারখানায় শ্রমিককে বাদ দিয়ে যন্ত্রের প্রয়োগ করতে গিয়ে বিরোধিতার শুরু। বিরোধী শক্তিকে বিনাস করতে গ্রামে গিয়ে গ্রাম জীবনের নতুন ধরনের অভিজ্ঞতার সম্মুখীন হয়ে নায়কের জীবনটাই বদলে যায়। |
| | | কল্পলতা (গল্পগ্রন্থ) | কানাইলাল সরকার, ত্রিবেণী প্রকাশন প্রাইভেট লিমিটেড / প্রথম সংস্করণ - ফাল্গুন, ১৩৭২।<br>**উৎসর্গ:** শ্রীযুক্ত কানাইলাল সরকার। গল্পের সংখ্যা - ২১টি। কৌতূকের মধ্য দিয়ে জীবনের দুর্মোচনীয় বিনষ্টির কারণে আক্ষেপ প্রকাশিত। আপাত হাসির উজ্জ্বল আলোকে নতুন জীবনের প্রেক্ষিতে পরিবেশিত। |
| ১৯৬৭ | ৬৬ | সেতুবন্ধ (উপন্যাস) | ময়ূখ বসু, বেঙ্গল পাবলিশার্স প্রা: লি: / প্রথম সংস্করণ - এপ্রিল, ১৯৬৭।<br>**উৎসর্গ:** নেই। অধ্যায় - ৪৯টি। হিন্দীতে 'পূর্ণিমা' নামে অনুদিত। রোমান্স ধর্মী উপন্যাসে উদ্বাস্তু ও স্বদেশী জীবন কাহিনী যুক্ত হয়েছে। অনেক মনোমালিন্যের শেষে মিলনের মধ্য দিয়ে কাহিনীর পরিণতি লাভ করেছে। |
| | | রাণী (উপন্যাস) | মণীষী বসু, বেঙ্গল পাবলিশার্স / প্রথম সংস্করণ - চৈত্র, ১৩৭৪।<br>**উৎসর্গ:** শ্রীমতী অরুণা মুন্সী ও শ্রীযুক্ত নীহার কুমার মুন্সী। অধ্যায় - ১৮টি। রাণী-মঞ্জুপ্রভার দুটি রূপ। একদিকে রানীত্ব অন্যদিকে মাতৃত্ব। এই দুই সত্তার টানাপোড়েনে মঞ্জুপ্রভা শেষ পর্যন্ত রাণীত্বকে বেছে নিয়ে দূরে সরিয়ে দিয়েছে আপন সন্তানকে। |
| ১৯৬৯ | ৬৮ | পথ কে রুখবে ? (উপন্যাস) | ময়ূখ বসু, গ্রন্থ প্রকাশ / প্রথম সংস্করণ - বৈশাখ, ১৩৭৬।<br>**উৎসর্গ:** দাঙ্গা রুখতে পূর্ব বাংলার আমির হোসেন চৌধুরী, জিন্নাত আলি মাস্টার, পশ্চিমবাংলার শচীন মিত্র, স্মৃতীশ বন্দ্যোপাধ্যায় এবং পুণ্যশ্লোক আরো যত শহীদ। অধ্যায় - ৩৭টি। স্বাধীনতা সংগ্রামের |

| | | | |
|---|---|---|---|
| | | | অগ্নিক্ষরা বিপ্লব, ষড়যন্ত্র, বিদেশী কূটনীতি ও চক্রান্ত, দেশনেতাদের ভূমিকা এবং উভয় বাংলার রাজনৈতিক, অর্থনৈতিক, সামাজিক সমস্যাবলীর সুন্দর রূপায়ণ ঘটেছে আলোচ্য উপন্যাসে। |
| | | ডাক বাংলো (নাটক) | শচীন্দ্রনাথ মুখোপাধ্যায়, বেঙ্গল পাবলিশার্স / 'বৃষ্টি বৃষ্টি' উপন্যাসের নাট্যরূপ। |
| | | ওনারা (ভৌতিক গল্প) | শচীন্দ্রনাথ মুখোপাধ্যায়, বেঙ্গল পাবলিশার্স / প্রথম সংস্করণ - চৈত্র, ১৩৭৬।<br>**উৎসর্গ:** নেই। বড়োদের জন্য রচিত ভূতের গল্পগুলিতে প্রকৃতি - স্বপ্নের হাত ধরে এসেছে রোমাণ্টিক রহস্যমগ্নতা। সমস্ত গল্পগুলি মজা, কৌতূক আর হাল্কা চালের লঘু আমেজে ভরা। |
| | | ঝিলমিল (গদ্যরচনা) | ময়ূখ বসু, বেঙ্গল পাবলিশার্স প্রা. লি. / প্রথম প্রকাশ - শ্রাবণ, ১৩৭৫।<br>**উৎসর্গ:** শ্রীমতী কমলা ঘোষ ও শ্রীযুক্ত শচীন্দ্রলাল ঘোষ। ২৩টি বিষয়। লেখকের বিদেশ যাত্রা, আতিথ্য গ্রহণ এবং বিভিন্ন উপন্যাস রচনার প্রেক্ষিত সম্পর্কে নানাকথা শুনিয়েছেন আলোচ্য গদ্যরচনায়। |
| ১৯৭০ | ৬৯ | প্রেমিক (উপন্যাস) | শ্রী ফণিভূষণ দেব, আনন্দ পাবলিশার্স প্রা: লি: / প্রথম সংস্করণ - চৈত্র, ১৩৭৫।<br>**উৎসর্গ:** শ্রীমতী সুনন্দা চৌধুরী ও শ্রীমান অমিতাভ চৌধুরী। অধ্যায় - ২১টি। হিন্দী ভাষাতে অনুদিত হয়েছে উপন্যাসটি। অরিন্দম ও ইভার দাম্পত্য জীবনে বন্ধনহীন কমলমুকুলের আগমন ঘটে। ত্রিকোণ প্রেম সমস্যামূলক উপন্যাসে প্রেমিক পুরুষ কমলমুকুলের প্রাধান্যতেই উপন্যাসের পরিসমাপ্তি। |
| | | মানুষ গড়ার কারিগর (উপন্যাস) | মিতদ্রু বসু, বেঙ্গল পাবলিশার্স / প্রথম সংস্করণ - দোল পূর্ণিমা, ১৩৮৬।<br>**উৎসর্গ:** শ্রীমান মণীষী ও শ্রীমতী নন্দিতাকে। অধ্যায় - ২৬টি। হিন্দীতে 'মহিম মাস্টার' নামে অনুদিত হয়েছে উপন্যাসটি। শিক্ষকতাকালে স্বল্প |

| | | | |
|---|---|---|---|
| | | | বেতনভুক শিক্ষকদের দুরবস্থার বাস্তব জীবন আলেখ্য রচিত হয়েছে আলোচ্য উপন্যাসে। মহিম মাষ্টারকে সামনে রেখে গোটা শিক্ষাব্যবস্তার স্বরূপ উদ্ঘাটন করেছেন লেখক। |
| ১৯৭১ | ৭০ | আমি সম্রাট (উপন্যাস) | মণীষী বসু, বেঙ্গল পাবলিশার্স প্রা: লি: / প্রথম সংস্করণ - মে, ১৯৭১।<br>**উৎসর্গ:** পূণ্যকীর্তি প্রফুল্লকুমার সরকার। অধ্যায় - ১৩টি। হিন্দীতে 'মৈ সম্রাট হুঁ' নামে অনুদিত হয়েছে। শিক্ষাবিস্তারের কালে অসংখ্য যুবক যুবতী বেকার সমস্যায় জর্জরিত। তাদের অনেকেই হতাশাগ্রস্থ হয়ে বেছে নেয় আত্মহননের পথ। অরুণেন্দুকে কেন্দ্র করে লেখক এই সামাজিক সমস্যাকে তুলে ধরেছেন। |
| | | মনোজ বসুর শ্রেষ্ঠ গল্প (নারায়ণ গঙ্গোপাধ্যায় নির্বাচিত) | বেঙ্গল পাবলিশার্স / প্রথম সংস্করণ - বৈশাখ, ১৩৭৮।<br>**উৎসর্গ:** নেই। শিল্পী অধ্যাপক নারায়ণ গঙ্গোপাধ্যায় অনুজের অনুরাগ নিয়ে সংকলন-সম্পাদনায় ব্রতী হয়েছিলেন। গল্পগুলির নির্বাচন তাঁরই হাতে। 'উত্তরের পথ, দক্ষিণের পথ', এবং 'একদা ছিলেন' – গল্পদুটি ছিল অপ্রকাশিত গল্প। |
| | | সে এক দুঃস্বপ্ন ছিল (গল্প সংগ্রহ) | মনীষী বসু, বেঙ্গল পাবলিশার্স। প্রথম সংস্করণ - আশ্বিন, ১৩৭৮।<br>**উৎসর্গ:** নেই। সমস্ত পুরনো গল্প সংকলিত হলেও 'এপার ওপার' একমাত্র নতুন গল্প। |
| ১৯৭২ | ৭১ | প্রেম নয় মিছে কথা (উপন্যাস) | মণীষী বসু, বেঙ্গল পাবলিশার্স। প্রথম সংস্করণ - ডিসেম্বর, ১৯৮৬।<br>**উৎসর্গ:** কবি জসীমউদ্দীন। অধ্যায় ১৭টি। শিল্পী মনিলাল দত্ত এবং তার স্ত্রী ছটার জীবনের অতীত প্রেম কাহিনী নিয়ে রচিত হয়েছে আলোচ্য উপন্যাসটি। |
| ১৯৭৩ | ৭২ | হার মানিনি, দেখ (উপন্যাস) | মণীষী বসু, বেঙ্গল পাবলিশার্স / প্রথম সংস্করণ - ডিসেম্বর, ১৯৮৬।<br>**উৎসর্গ:** ড. শ্রীমান ভূদেব চৌধুরী। অধ্যায় - |

| | | | |
|---|---|---|---|
| | | | ১৫টি। নষ্ট চরিত্রের সলিল পরীবালার প্রেমে আবদ্ধ। মন্দিরা তার আপন চেষ্টায় পরীবালার হাত থেকে স্বামীকে মুক্ত করে সুস্থ জীবন যাপনে অভ্যস্ত করে তুলেছে। ত্রিভূজ প্রেমের দ্বন্দ্বে মিলনান্তক কাহিনী পরিবেশিত হয়েছে। |
| ১৯৭৪ | ৭৩ | মৃত্যুর চোখে আগুন (উপন্যাস) | ময়ূখ বসু, বেঙ্গল পাবলিশার্স / প্রথম সংস্করণ - মাঘ, ১৩৮০।<br>**উৎসর্গ:** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। অধ্যায় - ১৫টি। বাংলাদেশের মুক্তিযুদ্ধের কথা এবং পাক সেনাদের বাঙালিদের ওপর অকথ্য অত্যাচারের কথা এই উপন্যাসে স্থান পেয়েছে। লেখক আশা করেছেন হিন্দু মুসলমান মিলনের প্রথম সোপান হলো স্বাধীন বাংলাদেশের সৃষ্টি। এই আনন্দবশতই তিনি রচনা করেছেন ‘মৃত্যুর চোখে আগুন’। |
| | | ওস্তাদ নটবর (ছোটদের গল্প) | শ্রী ফণিভূষণ দেব, আনন্দ পাবলিশার্স / প্রথম সংস্করণ - জুলাই, ১৯৭৪।<br>**উৎসর্গ:** বুয়া ও তিয়াকে। গল্পের সংখ্যা - ১২টি। ছোটদের জন্য কৌতূককর গল্প। নটবর কখনো ভূতের সঙ্গে, শাকচুন্নির সঙ্গে যে সব কার্যকলাপের লিপ্ত হয়েছে তারই আনন্দমুখর কাহিনী গল্পগুলির বিষয়। |
| ১৯৭৫ | ৭৪ | সেই গ্রাম, সেই সব মানুষ (উপন্যাস) | মণীষী বসু, বেঙ্গল পাবলিশার্স / প্রথম সংস্করণ - পৌষ, ১৩৮২,<br>**উৎসর্গ:** তোমরা ছিলে। ত্রিভঙ্গ-স্বাধীনতার তাড়নায় বড় তাড়াতাড়ি শেষ হয়ে গেলে। আমার এই দীর্ঘশ্বাসে তোমাদের অন্তিম তর্পণ। অধ্যায় - ৩৪টি। এই উপন্যাসের জন্য শরৎ স্মৃতি সমিতি ১৯৮৬ খ্রী. শরৎ পুরস্কার দান করেন। ডোঙাঘাটা, পাঁজিয়া এবং পার্শ্ববর্তী এলাকার মানুষের জীবন, খালবিল-নদী প্রভৃতি যা লেখকের মনে একটি স্থায়ী ছাপ ফেলেছিল, তারই স্মৃতি রোমন্থনের কাহিনী ‘সেই গ্রাম, সেই সব মানুষ’। ভবনাথ ও দেবনাথের জীবনযাত্রাকে কেন্দ্র করে গড়ে উঠেছে কাহিনীর যোগসূত্র। |

| | | | |
|---|---|---|---|
| ১৯৭৬ | ৭৫ | মনোজ বসুর কবিতা (সম্পাদনা - দীপক চন্দ্র) | ময়ূখ বসু, বেঙ্গল পাবলিশার্স প্রা: লি: / প্রথম সংস্করণ - ১লা পৌষ, ১৩৮৩। **উৎসর্গ:** নেই। কবিতার সংখ্যা - ১৩টি। গ্রাম বাংলার কবি মনোজ বসুর কবিতার প্রাণকেন্দ্র গ্রাম বাংলা। চারিপাশে ছড়ানো পল্লীপ্রকৃতির অফুরন্ত রূপ-লাবণ্যের উপাচার সাজিয়েই তিনি সন্তুষ্ট। সেই রস ভোগেই তিনি তৃপ্ত। |
| ১৯৭৮ | ৭৭ | থিয়েটার (উপন্যাস) | মণীষী বসু, বেঙ্গল পাবলিশার্স / প্রথম সংস্করণ - ডিসেম্বর, ১৯৮৬। **উৎসর্গ:** শ্রীমান দীপক চন্দ্র। অধ্যায় - ১০টি। বাংলাদেশের পেশাদারী রঙ্গমঞ্চের সমালোচনা। এই সমস্ত পেশাদারী রঙ্গমঞ্চ কিভাবে তাদের পূর্বতন ঐতিহ্য বিসর্জন দিয়ে ধীরে ধীরে অর্থ উপার্জনের দিকে ঝুঁকে পড়েছে তা দেখানোই লেখকের উদ্দেশ্য। |
| ১৯৮২ | ৮১ | খেলাঘর (উপন্যাস) | মণীষী বসু, বেঙ্গল পাবলিশার্স / প্রথম সংস্করণ - ডিসেম্বর, ১৯৮৬। **উৎসর্গ:** মিতদ্রুকে। অধ্যায় – নেই। পুতুল খেলার বয়সী একটি মেয়ে কিভাবে বিয়ের পর শ্বশুর বাড়ির সকলের মনে জায়গা করে নিয়েছে এবং বড়োদের করেছে খেলার সঙ্গী। এভাবেই বাড়ি হয়ে উঠেছে খেলাঘর। |
| ১৯৯৯ | মৃত্যুর পর | রোমাঞ্চ বনে বনে (গল্পগ্রন্থ) | দেবজ্যোতি দত্ত, শিশু সাহিত্য সংসদ প্রা: লি: / প্রথম সংস্করণ - ডিসেম্বর, ১৯৯৯। **উৎসর্গ:** মিতুলের সোনা হাতে। গল্পের সংখ্যা - ১০টি। ছোটদের জন্য গল্প। ভৌতিক ও রহস্যময় গল্পের কৌতুকধর্মী উপস্থাপন। |
| ১৯৯৯ | মৃত্যুর পর | রাজার ঘড়ি (গল্পগ্রন্থ) | মৈনাক বসু, বেঙ্গল পাবলিশার্স প্রা. লি./ প্রথম সংস্করণ - ডিসেম্বর, ১৯৯৯। **উৎসর্গ:** ভাইয়া ও টুলটুলকে। গল্পের সংখ্যা – ২০টি। ছোটদের আনন্দ দেওয়ার জন্য গল্পসংকলন। সেইসঙ্গে নীতিকথাও ধরা পড়েছে কিছু কিছু গল্পে। |